৪০

ভোরের কাগজ

তারিখ FEB. 15 1999
পৃষ্ঠা ৬ কলাম ২

# লালখান বাজার মাদ্রাসা কর্তৃপক্ষ সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িত থাকার কথা অস্বীকার করেছে

চট্টগ্রাম অফিস : নগরীর বহুল আলোচিত লালখানবাজার জামেয়াতুল উলুম (আল ইসলামিয়া) মাদ্রাসা কর্তৃপক্ষ দেশের আইন বিরোধী কোনো প্রকারের সন্ত্রাসী কর্মকাণ্ডের সঙ্গে জড়িত থাকার কথা অস্বীকার করেছে। দুপুরে মাদ্রাসায় আহূত এক সংবাদ সম্মেলনে এ অস্বীকৃতি জানানো হয়। এতে মাদ্রাসার প্রতিষ্ঠাতা মুফতী মওলানা ইজহারুল ইসলাম চৌধুরীর বিরুদ্ধে অপপ্রচারের নিন্দা জানিয়ে বলা হয়, তিনি মূলত রাজনৈতিক প্রতিহিংসার শিকার।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন মুফতী ইজহারের পুত্র মওলানা মুসা বিন ইজহার। উপস্থিত ছিলেন জামেয়া আরবিয়া হাইলধরের মহাপরিচালক ও বাংলাদেশ নেজামে ইসলাম পার্টির সহসভাপতি মাওলানা আব্দুল মালেক হালিম, চট্টগ্রাম আইনজীবী সমিতির সাবেক সভাপতি এডভোকেট শামসুদ্দিন আহমদ মির্জা, দারুল উলুম আলিয়া মাদ্রাসার সাবেক অধ্যক্ষ এডভোকেট মাওলানা শফিক আহমদ, লালখানবাজার মাদ্রাসার মুহাদ্দিস মাওলানা আব্দুর রহমান, মাওলানা আশরাফ আলী নিজামপুরী, মাওলানা আব্দুর রহীম ইসলামাবাদী, আব্দুর রহমান চৌধুরী, মাওলানা আজিজুল হক প্রমুখ।

কবি শামসুর রাহমানের ওপর হামলার অভিযোগে গ্রেপ্তারকৃতদের ব্যাপারে সংবাদ সম্মেলনে বলা হয়, যারা গ্রেপ্তার হয়েছে তারা মাদ্রাসার ছাত্র ছিল না কখনো এবং তারা মাদ্রাসার সঙ্গে কোনোভাবেই সংশ্লিষ্ট নয়। মাদ্রাসা কর্তৃপক্ষ অভিযোগ করেন, গ্রেপ্তারকৃতদের কাছ থেকে জোরপূর্বক তথ্য আদায় করা হয়েছে।